



স্মারক নং: একা/১৯/৩১৪/৪/১৩৬

তারিখ: ১৭/১০/২০১৯

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
২০১৯-২০২০ শিক্ষাবর্ষে এমএসসি(ইঞ্জিঃ), মাস্টার্স, এমফিল, পিএইচডি প্রোগ্রামে
(বর্ধিত) ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সফলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের এমএসসি (ইঞ্জিনিয়ারিং)/মাস্টার্স প্রোগ্রামে ভর্তির ভর্তির আবেদনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় হিসাব নম্বরে ৫০০(পাঁচ শত) টাকা জমাদান পূর্বক নির্ধারিত আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদনপত্র সংশ্লিষ্ট বিভাগে বর্ধিত ৩১/১০/২০১৯ তারিখের মধ্যে জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে স্নাতক পরীক্ষার সনদপত্র, মার্কস সার্টিফিকেট ও পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবির সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

আরোও জানানো যাচ্ছে যে, এ বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে এমফিল/পিএইচডি প্রোগ্রামে ভর্তির আবেদনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় হিসাব নম্বরে ৫০০(পাঁচ শত) টাকা জমাদান পূর্বক নির্ধারিত আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদনপত্র www.sust.edu থেকে ডাউনলোড করা যাবে। আবেদন ফরম যথাযথভাবে পূরণ পূর্বক সংশ্লিষ্ট বিভাগে বর্ধিত ৩১/১০/২০১৯ তারিখের মধ্যে জমা দিতে হবে।

এমফিল/পিএইচডি প্রোগ্রামে ভর্তিচ্ছু প্রার্থীর আবেদন ফরমের সাথে যে সব সনদপত্রাদির সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে তার বিবরণঃ

০১। ভর্তিচ্ছু প্রার্থীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ (দুই) কপি ছবি।

০২। সকল পরীক্ষার সনদপত্র ও মার্কস সার্টিফিকেটের সত্যায়িত কপি।

০৩। যে বিষয়ে গবেষণা করতে ইচ্ছুক তার শিরোনাম (এক হাজার শব্দের ভিতরে Synopsis)।

০৪। সোনালী ব্যাংক, শাবিপ্রবি শাখায় আবেদন ফিস বাবদ ৫০০(পাঁচ শত) টাকা জমাদানের ব্যাংক রশিদের কপি।

০৫। কোন প্রতিষ্ঠানে চাকুরীরত থাকলে উক্ত প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ কর্তৃক অনুমতি পত্র।

০৬। সংশ্লিষ্ট আবেদনপত্র বিভাগ ও ওয়েবসাইট www.sust.edu থেকে সংগ্রহ করতে হবে।

বিঃ দ্রঃ এমএসসি(ইঞ্জিঃ), মাস্টার্স, এমফিল ও পিএইচডি প্রোগ্রামে ভর্তির যোগ্যতা ও অন্যান্য তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় অফিস ও ওয়েবসাইট www.sust.edu থেকে জানা যাবে। উল্লেখ্য চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার

বিতরণঃ

০২। বিভাগীয় প্রধান, CHE, GEE, MAT, PHY, STA, OCG, BMB, GEB, FES, BUS, ARC, CEP, CEE, CSE, EEE, FET, IPE, PME, MEE, SWE, ANP, BNG, ECO, ENG, PSS, PAD, SCW, SOC বিভাগ, শাবিপ্রবি, সিলেট।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। হিসাব পরিচালক, শাবিপ্রবি, সিলেট।

০২। পরিচালক, ছাত্র উপদেশ ও নির্দেশনা, শাবিপ্রবি, সিলেট।

০৩। পরীক্ষা নিয়ন্ত্রক, শাবিপ্রবি, সিলেট।

০৪। পরিচালক, কম্পিউটার ও তথ্য কেন্দ্র, শাবিপ্রবি, সিলেট (বিষয়টি ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা যাচ্ছে)।

০৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের সচিব, শাবিপ্রবি, সিলেট।

০৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, শাবিপ্রবি শাখা, সিলেট।

০৬। নোটিশ বোর্ড (প্রশাসন ভবন-০২)

০৬। নগি।